

জাতীয়

সাগরে ডুবতে বসা ট্রলার থেকে ৭৬ বাংলাদেশি উদ্ধার, আটক ১১ পাচারকারী

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: শুক্রবার, ০২ অক্টোবর ২০২৬, ০৮:৫২ AM



সেন্টমার্টিনের অদূরে বঙ্গোপসাগরে ট্রলারের ইঞ্জিন ও পাম্প বিকল হয়ে ডুবে যাওয়ার মুখে পড়া ৭৬ জনকে উদ্ধার করেছে বাংলাদেশ নৌবাহিনী। এর মধ্যে আন্তর্জাতিক মানবপাচারকারী চক্রের ১১ সদস্যকে আটক করা হয়েছে।

বৃহস্পতিবার (১ অক্টোবর) রাতে নৌবাহিনীর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

নৌবাহিনী জানায়, সেন্টমার্টিন লাইট হাউজ থেকে প্রায় ৮১ মাইল দূরে সমুদ্রে এফভি ক্রিস্টাল-১ নামের একটি মাছ ধরার ট্রলার ভাসমান অবস্থায় আরেকটি ট্রলার দেখতে পায়। ট্রলারটির কাছে গেলে ভেতরে থাকা কয়েকজনের আচরণ সন্দেহজনক মনে হয়। তারা বিষয়টি দ্রুত নৌবাহিনীকে জানায়।

সংবাদ পেয়ে নৌবাহিনীর একটি জাহাজ ঘটনাস্থলে গিয়ে ভাসমান ট্রলারটি উদ্ধার করে। এতে থাকা ৭৬ জনকে নিরাপদে সরিয়ে নেওয়া হয়। ট্রলারের ইঞ্জিন বিকল হওয়ার পাশাপাশি পাম্প নষ্ট হয়ে ভেতরে পানি ঢুকছিল। ফলে ট্রলারে থাকা সব যাত্রীর জীবন চরম ঝুঁকিতে পড়েছিল।

উদ্ধার ব্যক্তিদের প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে ১১ জনকে মানবপাচারকারী চক্রের সদস্য হিসেবে আটক করা হয়। বাকি ৬৫ জন ব্যক্তি


প্রতারণিত হয়ে অবৈধভাবে মালয়েশিয়া যাচ্ছিলেন।

নৌবাহিনী আরও জানায়, উদ্ধার অধিকাংশ ব্যক্তিকে অপহরণের পর টেকনাফের দুর্গম পাহাড়ি এলাকায় আটকে রাখা হয়েছিল। পরে তাঁদের মালয়েশিয়ায় পাচারের উদ্দেশ্যে ট্রলারে তোলা হয়। নৌবাহিনীর সমন্বিত অভিযানে বড় ধরনের প্রাণহানি থেকে রক্ষা পেয়েছেন তাঁরা।

এ বিভাগের আরও খবর



যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন। ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকার...



সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় নিহত ৪২৩, আহত ৬৭৪
সেপ্টেম্বর মাসে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত এবং ৬৭৪ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ৭৩ জন নারী ও ৬১ জন শিশু। রোড সেক্টি ফাউন্ডেশনের মাস...



বিমানবন্দরে একদিনে সাড়ে ১৩ কেজি স্বর্ণ উদ্ধার
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক দুটি অভিযানে একদিনে ১৩ দশমিক ৮৪ কেজি স্বর্ণ উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ। এর মধ্যে এক যাত্রীর শ...



পবিত্র মদিনায় হুথিদের হামলা, তীব্র নিন্দা জানাল বাংলাদেশ
সৌদি আরবের পবিত্র মদিনানগরীতে তাইবাহ্ বিদ্যুৎকেন্দ্রে হুথিদের ড্রোন হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার।গোবাবার (৪ অক্টোবর) এক বিবৃতিতে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/sagre-dubte-bsa-trlar-theke-76-bangladeshi-uddhar-atk-11-pacharkari>